# সবাইকে লাল গোলাপের শুভেচ্ছা



## ক্লাশ পরিচালনায়

# নাম- খ. ম. রওশন হাবিব

## পদবী- চিফ ইনস্ট্রাক্টর(নন-টেক) ম্যানেজমেন্ট

# সিরাজগঞ্জ পলিটেকনিক ইনস্টিটিউট

হিসাববিজ্ঞানের উৎপত্তি ও ক্রমবিকাশের ধারাকে মোটামুটি চারটি ভাগে ভাগ করা যায়।

১. উন্মেষ কাল(Development period-period up to 1494)

২. প্রাক-বিশ্লেষণ কাল(Pre-Explanatory period 1494-1800)

৩. বিশ্লেষণ কাল (Explanatory period 1800-1950)

৪. আধুনিক কাল(Modern period 1950 above)

## ১.১ বুক কিপিং এর সংজ্ঞা (Define Book-keeping)

Book-keeping শব্দটি ইংরেজী শব্দ হতে এসেছে। এ খানে Book শব্দের অর্থ বই এবং keeping শব্দের অর্থ সংরক্ষণ। ব্যবসায়ীক পরিভাষায় প্রতিটি লেনদেনকে সুষ্ঠু, সুন্দর ও সুচারুরূপে হিসাবের খাতায় লিপিবদ্ধ করার প্রক্রিয়াই হলো বুক-কিপিং বা হিসাবরক্ষণ।

অন্য কথায় বলা যায়, নির্দিষ্ট সময়ান্তে কারবারের আর্থিক অবস্থা নিরুপণের জন্য লেনদেন সংগ্রহ, সংকলন ও সুসংহবদ্ধকরণ ও লিপিবদ্ধকরণ সহ লেনদেনের সামগ্রিক কলাকল সংরক্ষণই বুককিপিং।

নিম্নে কয়েকজন প্রখ্যাত হিসাবরক্ষণবিদের সংজ্ঞা হলঃ

**১। জে, আর বাটলিবয় এর মতে,** "Book- keeping is the art of recording business dealings in a set of books." অর্থাৎ (বুককিপিং হলো ব্যবসা সংক্রান্ত লেনদেন সমূহ হিসাব বহিতে লিপিবদ্ধ করার কলা কৌশল।)

# হিসাববিজ্ঞানের সংজ্ঞা


লেনদেন সমূহ Book-keeping এ লিপিবদ্ধ করবার পর লাভ লোকসান নির্ণয়, আর্থিক অবস্থা নিরূপণ, বিশ্লেষণ ও ফলাফল নির্ণয় করাই হিসাববিজ্ঞান।

অন্য কথায় বলা যায়, Book-Keeping হচ্ছে হিসাবের প্রাথমিক ধাপ। Accountancy হচ্ছে মাধ্যমিক ও চূড়ান্ত ধাপ। Book-Keeping এর যেখানে শেষ Accountancy সেখানে শুরু।

কয়েক জন প্রখ্যাত হিসাববিজ্ঞানবিদের সংজ্ঞা প্রদত্ত হলোঃ Rectangular Snip

১। এগলিসটন এর মতে, "Accounting may be considered as beginning where Book-Keeping leaves off." "অর্থাৎ (বুক কিপিং এর কাজ সমাপ্ত হবার পরেই একাউন্টেন্সির কাজ শুরু হয়।)

# হিসাব চক্র
# (Accountin Cycle)







হিসাব চক্রের ধাপ গুলো নিম্নরূপঃ

১. জাবেদা ভুক্তকরণ,
২. খতিয়ানে স্থানান্তরিতকরন,
৩. রেওয়ামিল প্রস্তুতকরণ ,
৪. আর্থিক বিবরণী প্রস্তুতকরণ ও
৫. আর্থিক বিবরণী বিশ্লেষণ ।

**বুক কিপিং কলা না বিজ্ঞান** উভয়ই আলোচনা কর।

বুককিপিং কলা না বিজ্ঞান তা নিয়ে হিসাবশাস্ত্রবিদদের মধ্যে দ্বিমত আছে। কারো মতে এটি বিজ্ঞান আবার কারো মতে এটি কলা। বুক-কিপিং একাধারে কলা, অন্য ধারে বিজ্ঞান, **আর,এন কার্টার** ভাষায়, "বুক-কিপিং হলো অর্থ বা অর্থের মাপ কাঠিতে নিরূপণযোগ্য হস্তান্তরজনিত কারবারী লেনদেন সমূহ হিসাবের বহিতে লিপিবদ্ধ করার কলা বা বিজ্ঞান।" সুতরাং আমরা বলতে পারি বুক-কিপিং কলা বিজ্ঞান উভয়।




**লুকাপ্যাসিওলিকে হিসাববিজ্ঞানের জনক বলা হয় কেন ?**

ইতালীয় বংশোদ্ভূত লুকাপ্যাসিওলি ১৪৯৪ সালে হিসাববিজ্ঞানের জন্ম বিকাশের এক নতুন অধ্যায়ের সূচনা করেন। লুকাপ্যাসিওলি প্রথম (Summa De Arithemetica Geomatria Porportioni-et Proportionlita) সুমা ডে এরিথমেটিকা জিওমেট্রিকা প্রপোরসনিরেট প্রপোরসনলিটা গ্রন্থ রচনা করেন তিনি সর্ব প্রথম হিসাবের ক্ষেত্রে দ্বৈত সত্বা আবিষ্কার করেন। সে জন্য তাকে হিসাববিজ্ঞানের জনক বলা হয়।

## ১.২ হিসাবরক্ষণ/বুককিপিং এর উদ্দেশ্য (State the objectives of Book-keeping.)

নির্দিষ্ট সময়ান্তে কারবারের আর্থিক অবস্থা নিরূপণের জন্য লেনদেন সংগ্রহ, সংকলন ও সুসংবদ্ধকরণ সহ লেনদেনর সামগ্রিক ফলাফল সংরক্ষণ বুক-কিপিং। বুক-কিপিং সৃষ্টির পশ্চাতে কিছু উদ্দেশ্য লুকিয়ে আছে, উদ্দেশ্য গুলো নিম্নরূপঃ

বুক-কিপিং এর উদ্দেশ্য দু`ভাগে ভাগ করা যায়।

**(ক) মৌলিক উদ্দেশ্যসমূহঃ**

**১। স্থায়ী হিসাব সংরক্ষণঃ** কোন লেনদেন সংঘঠিত হওয়ার পর বুক কিপিং এর নিয়মানুসারে স্থায়ীভাবে হিসাব রাখা যায়। এর মাধ্যমে ক্রয় বহি, বিক্রয় বহি ইত্যাদির মাধ্যমে স্থায়ী হিসাব সংরক্ষণ করা এর উদ্দেশ্য।

**২। লাভ লোকসান নিরূপণঃ** নির্ধারিত আর্থিক বৎসরে শেষে কারবার প্রতিষ্ঠানের লাভ লোকসান সঠিক ভাবে নিরূপণ করা যায়। এর মাধ্যমে উৎপাদন হিসাব, ক্রয় বিক্রয় হিসাব, লাভ লোকসান হিসাব, লাভ লোকসান আবন্টন হিসাব প্রণয়ন করা এর উদ্দেশ্য।

**৩। আর্থিক অবস্থা নিরূপণঃ** নির্দিষ্ট হিসাবকাল শেষে প্রতিষ্ঠানের উদ্বর্ত প্রস্তুত করে দায় দেনা, মূলধন, চলতি সম্পত্তি, স্থায়ী সম্পত্তি ইত্যাদির মাধ্যমে প্রকৃত আর্থিক চিত্র প্রদর্শন করা এর উদ্দেশ্য।

**৪। ভবিষ্যতের নীতি নির্ধারণঃ** কারবার সুষ্ঠু পরিচালনার ক্ষেত্রে হিসাবরক্ষণ সঠিক তথ্য ও আর্থিক বিবরণী সমুহের ব্যাখ্যা বিশ্লেষণ দ্বারা ভবিষ্যতের নীতি নির্ধারণ করা এর উদ্দেশ্য।

## ১.৪ হিসাবরক্ষণ/বুক-কিপিং ও হিসাববিজ্ঞান/একাউন্টেন্সির মধ্যে পার্থক্য (Differentiate between Book keeping & Accounting)

আপতঃ দৃষ্টিতে হিসাবরক্ষণ/বুক-কিপিং ও হিসাববিজ্ঞান/একাউন্টেন্সিকে একই অর্থে ব্যবহার করে থাকি। যদি ও ব্যবসায়ী প্রতিষ্ঠানের আর্থিক ফলাফল নিরূপণের জন্য এ উভয় শাস্ত্রই ব্যবহার হয়। তবুও এ দুই শাস্ত্রের মধ্যে যথেষ্ট পার্থক্য বিদ্যমান। তা নিম্নরূপঃ

| পার্থক্যের বিষয় | হিসাবরক্ষণ/বুক কিপিং | হিসাববিজ্ঞান/একাউন্টেন্সি |
|---|---|---|
| **১। সংজ্ঞা** | হিসাবরক্ষণ/বুক-কিপিং হলো ব্যবসা সংক্রান্ত লেনদেন সমুহ হিসাব বহিতে লিপিবদ্ধ কারবার কলাকৌশল। | লেনদেন সমুহ Book-keeping এ লিপিবদ্ধ করিবার পর লাভ লোকসান নির্ণয় আর্থিক অবস্থা নিরূপণ বিশ্লেষণ ও ফলাফল নির্ণয় করাই হিসাববিজ্ঞান। |
| **২। আওতা** | কারবারি লেনদেন সমুহ সংগঠিত হওয়া মাত্র বিভিন্ন সহকারী হতে লিপিবদ্ধকরণ এর আওতা। | হিসাবরক্ষণ কাজ সুসম্পন্ন হওয়ার পর আর্থিক ফলাফল নির্ণয় ও চুড়ান্ত ফলাফল নির্ণয় এর আওতাভুক্ত। |
| **৩। উদ্দেশ্য** | লেনদেন সংগঠিত হওয়া মাত্র বুক-কিপিং এর নিয়মানুসারে স্থায়ী হিসাব সংরক্ষণ এর উদ্দেশ্য। | কারবার প্রতিষ্ঠানের আর্থিক ফলাফল নিরুপণ, বিশ্লেষণ, নীতি নির্ধারণ করা এর উদ্দেশ্য। |
| **৪। কার্যাবলি** | হিসাবরক্ষণকারবারি লেনদেন সমুহ সংঘঠিত হওয়া মাত্র প্রাথমিক ভাবে সংগ্রহ সংকলন ও লিপিবদ্ধ করণ। | হিসাববিজ্ঞান এর কাজ হলো চুড়ান্ত হিসাব তৈরির মাধ্যমে বিচার বিশ্লেষণ করে। |
| **৫। স্থানান্তর ও ফলাফল নির্ণয়** | বুক-কিপিং হিসাব সমুহকে পাকাপাকি ভাবে খতিয়ানে স্থানান্তরের পর যোগফল বের করে ফলাফল বের করা হয়। | খতিয়ান উদ্ধৃত্ত হতে রেওয়ামিল তৈরি করে গাণিতিক শুদ্ধতা যাচাই ও সমন্বয়সাধন, ভুল সংশোধনে স্থানান্তর ও আর্থিক ফলাফল বের করা হয়। |

# সবাইকে ধন্যবাদ

